

VideshSampark Seminar at Bengaluru

February 26, 2020

বেঙ্গালুরুতে বিদেশসম্পর্ক বিষয়ক আলোচনা সভা

ফেব্রুয়ারী 26,2000

26 ফেব্রুয়ারী 2000 তারিখে বেঙ্গালুরুতে অনুষ্ঠিত বিদেশসম্পর্ক ক্রমের রাজ্যের প্রচার অনুষ্ঠানে পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের বরিশ্ঠ আধিকারিকদের একটি প্রতিনিধি দলের নেতৃত্ব দেন মাননীয় পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী শ্রী ভি. মুরলীধরন। কর্ণাটক সরকারের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন কর্ণাটক সরকারের মাননীয় আইন, সংসদ বিষয়ক, আইন এবং ক্ষুদ্র সেচ মন্ত্রী শ্রী জে.সি.মধুস্বামী। এই প্রতিনিধি দলে ছিলেন রাজ্য সরকার এবং শিল্প প্রতিনিধিদের বরিশ্ঠ আধিকারিকরা। কর্ণাটক থেকে রিফ্রুটিং এজেন্সি, বিলগ্নীকারী সংস্থা এবং সংবাদ মাধ্যম এই অনুষ্ঠানে অংশগ্রহণ করে।

কর্ণাটক সরকারের অংশীদারিত্বে বেঙ্গালুরুতে বিদেশসম্পর্ক প্রোগ্রামের অধীনে রাজ্যের প্রচার অনুষ্ঠানটি পররাষ্ট্র বিষয়ক মন্ত্রক আয়োজন করে। উদ্বোধনী অধিবেশনে পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী শ্রী ভি. মুরলীধরন এবং কর্ণাটকের আইন মন্ত্রী শ্রী জে.সি.মধুস্বামী মুখ্য বিষয়গুলির উপরে বক্তব্য রাখেন।

এই আলোচনা সভার বৈশিষ্ট ছিল, রাষ্ট্রদূতের কার্যসম্পর্কীয়, পাসপোর্ট এবং অভিবাসী বিষয়ে নিরাপদ ও আইনী অভিবাসন প্রদান সম্পর্কিত বিষয়ে মন্ত্রকের প্রোগ্রাম, পরিকল্পনা এবং উদ্যোগ নিয়ে বিলগ্নীকারী ও রাজ্য সরকারের আধিকারিকদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করার জন্য সুগভীর আলোচনা। বাণিজ্য এবং বিনিয়োগের বিষয়ে একটি নতুন উদ্যোগের উপস্থাপনা। বহু সংখ্যক বিলগ্নীকারীদের সাথে পারস্পরিক আদানপ্রদান অধিবেশনের মাধ্যমে, এইসকল ক্ষেত্র সংক্রান্ত বিষয়গুলিকে উত্থাপন করা, পদ্ধতি প্রবাহমুখী এবং কার্যকলাপ বিনিময় করে কিভাবে রাজ্য সরকার এবং মন্ত্রণালয় পারস্পরিক সহযোগিতাকে দৃঢ় করবে তার মানসিক উদ্দীপনার একটি সুযোগ প্রদান করে।

মন্ত্রণালয়, আগামী মাসগুলিতে বিভিন্ন রাজ্যসরকারের সহযোগিতায় এই ধরনের বিভিন্ন আলোচনা সভার আয়োজন করার পরিকল্পনা গ্রহণ করেছে।

নিউ দিল্লি

ফেব্রুয়ারী 26,2000

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release

